

ভারত ও মেকসিকোর মধ্যে বিদেশ মন্ত্রালয়ের তৃতীয় পর্যায়ের পরামর্শ বৈঠক

১. ভারত ও মেকসিকোর মধ্যে বিদেশ মন্ত্রালয়ের তৃতীয় পর্যায়ের পরামর্শ বৈঠক ৭ মার্চ ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে মেকসিকো প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিদেশমন্ত্রকের সহকারী মন্ত্রী মিঃ কালোস দ্য লাকাজা। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রকের সচিব(পশ্চিম) শ্রী দীনকর খুল্লার।

২.. রাজনৈতিক, আর্থিক ও সাংস্কৃতিক ক্ষেত্র সহ দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক বিষয়ে শ্রী খুল্লার ও মিঃ লাকাজা ব্যাপক চর্চা করেন। এনার্জি ক্ষেত্র নিয়েও বৈঠকে আলোচনা হয়। গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও বহুদেশীয় মঞ্চ বিষয়ে উভয়ে আলোচনা করেন।

৩. দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়গুলি পর্যালোচনা করা এবং তাকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে বিদেশমন্ত্রকের পরামর্শ বৈঠক অত্যন্ত গুরুত্বপূর্ণ মাধ্যম।

৪. মেকসিকোর বিদেশমন্ত্রকের সহকারী মন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদের সংগেও সাক্ষাৎ করেন।

নয়াদিল্লি

৭ মার্চ ২০১৪